

জি আর আর এম মাইনুটস

স্থান : সিএমটিসি

সময়ঃ ১০টা

তারিখঃ ২৪.০৩.১৩ ইং

উপস্থিতিঃ

১. নিগার সোলতানা (পেকুয়া শাখা)
২. জিকুন আরা (চকরিয়া শাখা)
৩. তাপসী দে (মহেশখালী সদর শাখা)
৪. রোজিনা আকতার রোজি (কালারমারছড়া)
৫. রুবি পাল (সদর-১)
৬. রেজবি বেগম (ঈদগাও শাখা)
৭. শাহিনা আকতার (খুটাখালী শাখা)
৮. কহিনুর আকতার (হোয়ানক শাখা)
৯. ছমিরা বেগম (বদর খালী শাখা)
১০. রোমানা আকতার (সদর-২)

অদ্য সকাল ১০ ঘটিকায় অনুষ্ঠিত জিআর আর এম এর সভাপতিত্ব করেন মহেশখালী সদর শাখার তাপসী পাল ও সচিবের দায়িত্ব পালন করেন হোয়ানক শাখার কহিনুর আকতার এবং সভার কার্যক্রম পরিচালনা করেন শাহেনা খানম সেতু। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১. গত মিটিং মাইনুটস পর্যালোচনা : গত ৫.২.১৩ ইং তারিখের মিটিং মাইনুটস এ যে আলোচ্য বিষয়গুলো ছিল সেগুলো নিয়ে পুনরায় আলোচনা করা হয়।
২. নমনীয় ব্যবহার : উক্ত মিটিং এ অংশ গ্রহনকারী সকল সহকর্মীরা জানান যে, আমরা স্বীকার করি কাজ করতে গিয়ে ভুল করি এটা ঠিক আবার আমাদের উর্ধ্বতন যারা আছেন তারাও আমাদের তদারকি করবেন। আচরণগত কারণে কাজে ব্যাঘাত ঘটে। নমনীয় ব্যবহার দিয়ে যে কাজ আদায় করা হয় তা মনযোগ সহকারে করা হয় বিধায় তাতে ভুলের সম্ভাবনাও কম থাকে। তাই ব্যবস্থাপনার নিকট বিনীত অনুরোধ রুচ আচরণ নয় নমনীয় ব্যবহার সবার কাম্য।
৩. মহিলা সহকর্মীদের পদোন্নতি : হোয়ানক শাখার সহকর্মী কহিনুর জানান যে, আমাদের কল্লুবাজার অঞ্চলে শাখা হিসাব রক্ষক হিসাবে গুটি কয়েকজন মহিলা সহকর্মী ছাড়া এর উপরের পদে কোন মহিলা সহকর্মী নাই। যেসব মহিলা সহকর্মীরা দীর্ঘদিন ধরে কাজ করে এবং অভিজ্ঞতা সম্পন্ন তাদেরকে পদোন্নতি দিলে বিশেষ করে হিসাব রক্ষকের দায়িত্ব দিলে আশা করি ঠিকমত দায়িত্ব পালন করতে পালন করতে পারবে।
৪. মাতৃত্বকালী ছুটির বেতন না পাওয়া : কালারমারছড়া শাখার সহকর্মী রোজিনা আকতার জানান দীর্ঘ ৬ বছর চাকরী করার পরে আজ থেকে ১০ মাস আগে মাতৃত্বকালীন ছুটিতে গিয়ে অদ্যবধি মাতৃত্বকালীন ছুটিতে থাকা তিন মাসের বেতন পাননি। কি কারণে তিনি বেতন পাননি এবং ভবিষ্যতে পাবে কিনা তাও সে জানেন না। ব্যবস্থাপনার নিকট সে উক্ত বেতন পাওয়ার আবেদন জানান।
৫. বদলি জনিত কারণে বাচ্চাদের সমস্যা : চকরিয়া শাখার সহকর্মী জিকুন আরা জানান, আমরা সবাই এক বাক্যে স্বীকার করি যে, কোস্ট বাচ্চাদের জন্য মহিলা সহকর্মীদের অনেক সুযোগ সুবিধা প্রদান করেছেন। আবার বদলি জনিত কারণে মহিলাদেরকেও বিভিন্ন জায়গায় কাজ করতে হয়। যাদের বাচ্চারা স্কুলে পড়ালেখা করে তাদের হঠাৎ বদলির কারণে বাচ্চাদের পড়ালেখার ব্যাঘাত ঘটে। ব্যবস্থাপনার নিকট অনুরোধ করা হলো বদলি করার সময় বাচ্চার বিষয়টি বিবেচনা করা যায় কিনা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার মিটিং শেষ করেন।

সভাপতির স্বাক্ষর

সচিবের স্বাক্ষর